চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
(প্রেস বিজ্ঞপ্তি)

চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করলেন মাননীয় মেয়র

২২ জানুয়ারি ২০১৯ খ্রি.

চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের প্রধান ফটকে নান্দনিক তোরন নির্মাণ সহ কারা বন্দিদের জীবন মান উন্নয়নে সর্বাত্মক সহযোগিতা দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ২২ জানুয়ারি ২০১৯ খ্রি. সোমবার দুপুরে মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার পরিদর্শনকালে এই কথা বলেন। মেয়র কারাগারে পৌঁছালে কারারক্ষিদের একটি চৌকশ দল মেয়রকে গার্ড অব অনার প্রদান করেন এবং উর্দ্ধতন কর্মকর্তাসহ ফুলেল শুভেচ্ছা জানান। পরিদর্শনকালে মেয়র চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের মহিলা ওয়ার্ড, রান্নাঘর, পদ্মা ভবন, তারেকেশ্বর ভবন সহ বিভিন্ন ওয়ার্ড সরেজমিনে প্রত্যক্ষ করেন এবং বন্দিদের সার্বিক খোঁজ খবর নেন ও নারী বন্দিদের সাথে থাকা শিশুদের মাঝে চকলেট বিতরণ করেন মেয়র। পরিদর্শন শেষে মেয়র সিনিয়র জেল সুপার মো. কামাল হোসেন এর দপ্তরে কারাগারের উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে এক বৈঠকে মিলিত হন। এসময় জেল সুপার কারাবন্দিদের জীবন মান উন্নয়ন এবং বিনোদনের জন্য কারাবন্দি পুরুষ, মহিলা ও শিশুদের জন্য ২০০ টি ডাস্টবিন, ৫০ টি টেলিভিশন,৫০০ টি সিলিং ফ্যান, মায়ের সাথে থাকা শিশুদের প্রয়োজনীয় খেলনা সামগ্রী,সকাল-বিকাল (দুই-বেলা) বর্জ্য অপসারণের নিমিত্তে গাড়ি প্রেরণ, মশার ঔষধ সরবরাহকরণ,আর পি গেইট হতে প্রধান ফটক পর্যন্ত রাস্তা মেরামত এর কথা উল্লেখ করে মেয়রের সহযোগিতা কামনা করেন। এসময় মেয়র প্রধান প্রকৌশলী ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তাকে জেল খানায় ডেকে নিয়ে প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী সরবরাহের তাৎক্ষণিক নির্দেশ দেন।

পরিদর্শনকালে সংরক্ষিত সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভিন জেসি, সিভিল সার্জন চট্টগ্রাম মোঃ আজিজুর রহমান সিদ্দিকি, প্রধান প্রকৌশলী লেঃ কর্ণেল মহিউদ্দিন আহম্মেদ, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার এর জেলার নাশির আহমেদ, চট্টগ্রাম এর কারা উপ মহাপরিদর্শক কে,এম ফজলুল হক, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের সিনিয়র জেল সুপার মোঃ কামাল হোসেন, চট্টগ্রাম বিভাগ, চসিক প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকি, কারা হাসপাতাল চট্টগ্রাম এর সহকারি সার্জন মোঃ মস্তফিজুর রহমান, জেলা সমাজ সেবা অধিদপ্তর, চট্টগ্রাম এর প্রবেশন অফিসার পারুমা বেগম সহ বেসরকারি কারা পরিদর্শক, কারা কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

তিন ওয়ার্ডে শীতার্তদের মাঝে
মাননীয় মেয়রের কম্বল বিতরণ

২২ জানুয়ারি ২০১৯ খ্রি.

মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন আজ মঙ্গলবার ও গতকাল সোমবার নগরীর ৩ ওয়ার্ডে অস্বচ্ছল মানুষের মাঝে কম্বল বিতরণ করেছেন। ২২ জানুয়ারি ২০১৯ খ্রি. সকালে জামালখান ওয়ার্ডে কম্বল বিতরণ করা হয়েছে। জামালখান ওয়ার্ডের কম্বল বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সম্মানিত কাউন্সিলর শৈবাল দাশ সুমন। এসময় বক্তব্য রাখেন সংরক্ষিত সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি আবুল হাশেম বাবুল,যুগ্ম সাধারন সম্পাদক মথুন বড়ুয়া মো. সাহাবউদ্দিন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সদস্য হাজী বেলাল আহমদ, রাশেদুল আলম রাশেদ,ওয়াহিদুল আলম শিমুল, জাফরিন সুলতানা পম্পি, সুরিজত দাশ ছোটন, মো. সোলেমান।

গতকাল সোমবার রাতে যে সকল ওয়ার্ডে কম্বল বিতরণ করা হয় সে ওয়ার্ডগুলো হল পূর্ব ষোলশহর ও গোসাইলডাঙ্গা ওয়ার্ড। পূর্ব ষোলশহর ওয়ার্ডে কম্বল বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় কাউন্সিলর এম আশরাফুল আলম। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ। এতে বক্তব্য রাখেন পূর্ব ষোলশহর ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি সামশুল আলম, আওয়ামী লীগ নেতা মনজুর হোসাইন, মো. ইসহাক, হুমায়ুন করিব, মো. হোসেন, মো. ইদ্রিস, কুতুব উদ্দিন, আমীর উদ্দিন, মাহবুল আলম মোরশেদুজ্জামান, খসরু, মনিরুল আলম, ইলিয়াছ বাবুল, হাফেজ আহমদ, মো. আলমগীর, ডা. মো. সেলিম, সাইফুদ্দিন, মো. কাউছার, ফয়সাল বাপ্পী, মঈন শাহরিয়ার, সালাউদ্দিন, আলী বেলাল শাহেদ ও মো. জাবেদ।

গোসাইলডাঙ্গা ওয়ার্ডের কম্বল বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় কাউন্সিলর জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা নুর হোসেন, নিদু পালিত, নুরুন্নবী লিটন, কিশু মল্লিক, এসকান্দর ফারুক, আবু তালেব সোহেল, শ্রমিক নেতা মো. নওশাদ ও মোহাম্মদ আলমগীর।

কম্বল বিতরণকালে মেয়র গরীব দুঃস্থ অসচ্ছল মানুষের সহায়তায় বিত্তশালীদের এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, আমাদের প্রত্যেকে যদি নিজ নিজ সামর্থ্য থেকে সমাজের অস্বচ্ছল মানুষদের শীত নিবারণে এগিয়ে আসি তাহলে তাদের কষ্ট কিছুটা হলেও লাঘব হবে। আর সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে আমাদের প্রত্যেকে এ ধরণের মানবিক কাজে এগিয়ে আসা উচিত বলে আমি মনে করি।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মোবাইল কোর্ট অভিযান

২২ জানুয়ারি ২০১৯ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যেগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট যুগ্ম জেলা জজ জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ২২ জানুয়ারি ২০১৯ খ্রি. মঙ্গলবার চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর কোতোয়ালী থানা এলাকার জুবলী রোড ও এনায়েত বাজার মোড় এলাকায় রাস্তা ও ফুটপাত অবৈধভাবে দখল করে দোকানের মালামাল স্তুপ করে জনদূর্ভোগ সৃষ্টির দায়ে ইউনিক ট্রেডার্সকে ১০ হাজার, এ কে ট্রেডার্সকে ৫ হাজার, আপন ট্রেডার্সকে ৫ হাজার, ভিআইপি ডোরকে ৫ হাজার, এস এইচ ট্রেডার্সকে ৫ হাজার, অগ্রসর ট্রেডিং মার্টকে ৫ হাজার, নিউ আ মনি ট্রেডার্সকে ৫ হাজার টাকা সহ সর্বমোট ৪০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

নাছিরাবাদ ক্যাফের
উদ্বোধন করলেন মেয়র

২২ জানুয়ারি ২০১৯ খ্রি.

নগরীর সিডিএ পূর্ব নাছিরাবাদ ওয়ার্ডে গতকাল সোমবার রাতে সান্তিনো ক্যাফের উদ্বোধন করা হয়েছে। মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের প্রেসিডেন্ট মাহবুবুল আলম, দেনিক পূর্বকোণ লি. এর চেয়ারম্যান জসীম উদ্দিন চৌধুরী, এডিএম মাসুদুল কবির, ট্যুরিস্ট পুলিশের এডিশনাল ডিআইজি মোহাম্মদ মুসলিম, সম্মানিত কাউন্সিলর মোহাম্মদ গিয়াস উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

উদ্বোধন কালে মেয়র সান্তিনো ক্যাফের কর্তৃপক্ষকে পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত পরিবেশে খাদ্য সামগ্রী বিক্রির আহ্বান জানান। তিনি বলেন, নোংরা ও অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্য সামগ্রী পরিবেশন ও বিক্রি করলে জনস্বাস্থ্য হুমকির মুখে পড়ে। মেয়র সৎভাবে ব্যবসা-বাণিজ্য করলে ব্যবসায়ী সমাজকে কর্পোরেশনের পক্ষ থেকে সব ধরণের সহযোগিতা করা হবে বলে উল্লেখ করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা